34. একটি সংখ্যায় একেকের স্থানের অঙ্ক হাজারের স্থানের অঙ্কের ৩ গুণ এবং শতকের স্থানের অঙ্কের সমান। যদি একেকের স্থানের অঙ্ক ৯ হয় এবং দশকের স্থানের অঙ্ক শূন্য হয়, তবে সংখ্যাটি হবে

a) ৩৯০৯ b) ৩০৯৯ c) ৯৩০৯ d) ৯৯০৩।

35. তুমি সকাল ৯টা ৪৫ মিনিটে একটি কাজ করতে শুরু করলে। যদি তুমি ২ ঘণ্টা ৪৫ মিনিটে কাজটি শেষ কর তবে যে সময়ে তুমি কাজটি শেষ করলে তা হল

a) দুপুর ১২টা ৪৫ মিনিট b) সকাল ১১টা ৪৫ মিনিট c) দুপুর ১২টা d) দুপুর ১২টা ৩০ মিনিট।

36. ২০১৪ খ্রিষ্টাব্দের ১লা জানুয়ারি ছিল বুধবার। ঐ খ্রিষ্টাব্দের ১লা মার্চ ছিল

a) শনিবার b) রবিবার c) শুক্রবার d) সোমবার।

37. তোমার বর্তমান বয়স ১০ বছর ৩ মাস ১৫দিন। তোমার দাদা তোমার চেয়ে ৩ বছর ৯ মাস এবং ১৭দিন বড়। তোমার দাদার বর্তমান বয়স হবে

a) ১২ বছর ২ মাস ২ দিন b) ১৩ বছর ১ মাস ২ দিন c) ১২ বছর ২ দিন d) ১৪ বছর ১ মাস ২ দিন।

38. তোমার শ্রেণিতে প্রথম ৫টি বেঞ্চে যথাক্রমে ৬ জন, ৬ জন, ৬ জন, ৪ জন এবং ৫ জন ছাত্র-ছাত্রী বসেছে। ষষ্ঠ বেঞ্চে যতজন ছাত্র-ছাত্রী বসলে প্রতি বেঞ্চে বসা ছাত্র-ছাত্রীর গড় সংখ্যা হবে ৫ তা হল

a) ১ b) ২ c) ৪ d) ৩।

39. তুমি যদি সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা থেকে পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা বিয়োগ কর তবে বিয়োগফল হবে

a) ৯০০০০১ b) ৯০০০১ c) ৯০০০০০১ d) ৯৯০০০১।

40. একটি ক্রিকেট খেলায় রহিম ২০ রান করেছিল। করিম রহিমের চেয়ে ১০ রান বেশি করেছিল এবং প্রদীপ করিমের রান সংখ্যার দ্বিগুণ রান করেছিল। রহিম, করিম এবং প্রদীপের মোট রান সংখ্যা ছিল

a) ৯০ b) ১২০ c) ১১০ d) ১০০।

41. তোমার বাবা ৫ কি.গ্রা. চাল, ২ কি.গ্রা. ডাল, ১ কি.গ্রা. মাছ এবং ৩ কি.গ্রা. আলু কেনার জন্য বাজারে গেলেন। যদি চাল, ডাল, মাছ এবং আলুর প্রতি কি.গ্রা.র



মূল্য যথাক্রমে ৩০ টাকা, ৮০ টাকা, ১৫০ টাকা এবং ১৫ টাকা হয় তবে তোমার বাবা ঐগুলি কেনার জন্য মোট খরচ করলেন

a) ৫০৫ টাকা b) ৫১০ টাকা c) ৫১৫ টাকা d) ৪৯৫ টাকা।

42. তোমার শ্রেণির ৩০ জন ছাত্র-ছাত্রী এবং ২ জন শিক্ষক এক বনভোজনে অংশ গ্রহণ করবে। প্রত্যেকের টিকিটের জন্য ৩০ টাকা এবং প্রত্যেকের দুপুরের খাবারের জন্য ১২০ টাকা লাগবে। প্রত্যেক ছাত্র-ছাত্রী ১০০ টাকা করে জমা দিলে এবং বাকি টাকা প্রত্যেক শিক্ষক সমান ভাগে দিলে, তবে প্রত্যেক শিক্ষক জমা দেবে

a) ৪০০ টাকা b) ৫০০ টাকা c) ৯০০ টাকা d) ২০০ টাকা।

43. ২০ জন বালক এবং ১০ জন বালিকার মধ্যে ৪০০ টাকা এমনভাবে ভাগ কর যাতে প্রত্যেক বালিকা প্রত্যেক বালকের দ্বিগুণ টাকা পায়। প্রত্যেক বালক পাবে

a) ৫ টাকা b) ৪০ টাকা c) ২০ টাকা d) ১০ টাকা।

44. [৫৫ + {৩৩ + (১৭ − ৭ × ২)}] এর সরল মান হল

a) ৩০ b) ২৫ c) ১৫ d) ৫

45. তোমার কাছে ৩০টি কমলালেবু আছে। তুমি এর $\frac{১}{৩}$ অংশ তোমার বোনকে দেবে এবং অবশিষ্টের $\frac{১}{২}$ অংশ তোমার ভাইকে দেবে। তারপর তোমার কাছে যতগুলি কমলালেবু থাকবে তার সংখ্যা হল

a) ২৫ b) ১৫ c) ২০ d) ১০।

46. রীতা ৪০০ টাকা নিয়ে একটি দোকানে গেল। সে তার টাকার $\frac{১}{৪}$ অংশ দিয়ে একটি বল কিনল। সে অবশিষ্ট টাকার $\frac{১}{২}$ অংশ দিয়ে একটি তোয়ালে কিনল। সে যত টাকা নিয়ে বাড়ি ফিরল তা হল

a) ৩০০ টাকা b) ২৫০ টাকা c) ১০০ টাকা d) ২০০ টাকা।

47. ৬ জন লোক ৬ কিমি ৫০০ মি. দীর্ঘ একটি রাস্তা সারানোর কাজে নিযুক্ত হয়েছে। ৫ দিনের পর দেখা গেল তারা ঐ রাস্তার $\frac{১}{৪}$ অংশ সারিয়েছে। আরও ১০ দিন পর তারা আরও ৩ কিমি ২০০ মি. সারালো। যতটা রাস্তা সারাতে বাকী আছে তা হল

a) ১ কিমি ৫০০ মি. b) ৩ কিমি c) ২ কিমি d) ২ কিমি ৫০০ মি.।



Scanned with CamScanner

48. $৫\frac{১}{২} - \left(১\frac{২}{৫} + ২\frac{৩}{৫}\right) + \frac{৫}{৪}$ এর সরলমান হল

a) $২\frac{১}{৪}$ b) $৩\frac{১}{৪}$ c) $৩\frac{১}{২}$ d) $২\frac{৩}{৪}$ ।

49. ১৫, ৩০, ৬০, ১২০ ____ সংখ্যাগুলি একটি নির্দিষ্ট নিয়মে সাজানো আছে। এই শ্রেণির ষষ্ঠ সংখ্যাটি হল

a) ২৪০ b) ৪৮০ c) ৩৬০ d) ৩০০।

50. $\frac{১}{২}, \frac{৩}{৪}, \frac{৫}{৬}, \frac{৭}{৮}$ কে বড় থেকে ছোটতে সাজিয়ে পাই

a) $\frac{৩}{৪}, \frac{৫}{৬}, \frac{৭}{৮}, \frac{১}{২}$ b) $\frac{৫}{৬}, \frac{৭}{৮}, \frac{৩}{৪}, \frac{১}{২}$ c) $\frac{৭}{৮}, \frac{৫}{৬}, \frac{৩}{৪}, \frac{১}{২}$

d) $\frac{১}{২}, \frac{৩}{৪}, \frac{৫}{৬}, \frac{৭}{৮}$ ।

51. তোমাকে একটি সংখ্যাকে ৬ দিয়ে ভাগ করতে বলা হল। তুমি তা করলে এবং ভাগশেষ শূন্য হল। তোমার বন্ধু ঐ সংখ্যাকে ৬ দিয়ে গুন করল। তোমার বন্ধুর করা গুনফলকে তোমার করা ভাগফল দিয়ে ভাগ করলে ভাগফল হবে

a) ১২ b) ৩৬ c) ৬ d) ৭২।

52. ১২ এবং ২৫ এর মধ্যবর্তী মৌলিক সংখ্যাগুলির যোগফল হবে

a) ৭২ b) ৬২ c) ৭৩ d) ৭১।

53. ৫ দ্বারা বিভাজ্য তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা হল

a) ৯৯৫ b) ৯৯০ c) ৯৯৯ d) ১০০।

54. ২৪ মিটার একটি দড়িকে সমান মাপের ৫০টি টুকরা করলে প্রত্যেক টুকরোর দৈর্ঘ্য হবে

a) ০.২৪ মিটার b) ০.১২ মিটার c) ২.৪ মিটার d) ১.২ মিটার।

55. একটি আয়তঘনাকার বাক্সের বাহিরের সমতলগুলির সংখ্যা হবে

a) ৪ b) ২ c) ৬ d) ৮।



IV- 2014

56. নীচের সংখ্যাগুলির মধ্যে যেটি ৯ দ্বারা বিভাজ্য তা হল

a) ১০৩৮৯ b) ১২৩৭৯ c) ১২৩৬৬ d) ১২৩৮০।

57. একটি সংখ্যার সঙ্গে ৩১ যোগ করা হল। ঐ যোগফলকে ৬৬ দিয়ে ভাগ করে ভাগফল ১০ এবং ভাগশেষ ৫১ পাওয়া গেল। সংখ্যাটি হবে

a) ৬০০ b) ৬২৯ c) ৬৬০ d) ৬৮০।

58. $\frac{\text{৩ কি.মি. ৬০০ মি.}}{\text{৯ কিমি}}$ = a) $\frac{৫}{২}$ b) $\frac{৩}{৪}$ c) $\frac{২}{৩}$ d) $\frac{২}{৫}$ ।

59. ৩৬এর উৎপাদকগুলির মোট সংখ্যা হল

a) ৮ b) ৯ c) ১০ d) ৭।

60. নীচের সংখ্যাগুলির মধ্যে ৪৫এর একটি গুণিতক হবে

a) ১৪৫ b) ২৪৫ c) ২৭০ d) ২৭৫।

IV- 2014



Scanned with CamScanner

10. গাছের পাতার রঙের সঙ্গে রং মিলিয়ে চলা একটি প্রাণী হল

a) চড়ুই b) লাউ ডগা সাপ c) মুরগী d) পিঁপড়ে।

11. নিজের নরম শরীরকে শক্ত খোলকে ঢেকে রাখে এমন একটি প্রাণী হল

a) কচ্ছপ b) গো সাপ c) কাঁকড়া d) বিছে।

12. শরীরের মধ্যে বাতাস ভরা থলি থাকে যে প্রাণীর তা হল

a) সাপ b) পায়রা c) কচ্ছপ d) কাঁকড়া।

13. সংরক্ষণ করা উচিৎ এমন একটি প্রাণী হল

a) বাঘ b) হরিণ c) মহিষ d) ভালুক।

14. নীচের যেটি দূষক নয় তা হল

a) প্লাস্টিক b) কচুরিপানা c) কীটনাশক d) কেরোসিন।

15. জীবাণুর হাত থেকে খাবারকে বাঁচায়

a) জল b) সরষের তেল c) মধু d) চিনি।

16. নীচের যেটি মাছ নয় তা হল

a) চিংড়ি b) রুই c) কাতলা d) মাগুর।

17. নীচের যেটি ভেষজ উদ্ভিদ নয় তা হল

a) তুলসী b) নয়ন তারা c) কালমেঘ d) কুমড়ো।

18. সাপের বিষ থাকে

a) দাঁতে b) জিভে c) দাঁতের নীচে বিষ থলিতে d) মুখে।

19. একটি দাহ্য পদার্থ হল

a) জল b) আম c) পেয়ারা d) কেরোসিন।

20. শনিগ্রহের উদ্দেশ্যে পাঠানো মহাকাশ যানের নাম

a) ক্যাসিনি b) কিউরিও সিটি c) ইনস্যাট d) আর্যভট্ট।

21. একটি পরিযায়ী পাখি হল

a) উটপাখী b) ঘুঘু c) পিনটেল d) কাক।

22. ভারতীয় সিংহ পাওয়া যায়

a) সুন্দরবনে b) গির অরণ্যে c) জলদাপাড়ায় d) কাজিরাঙায়।



IV– 2014

23. কাজ করার শক্তি যোগায়

a) খাদ্য b) জল c) ওষুধ d) আলো।

24. আমাদের শ্বাসকার্যে সহায়তা করে

a) পাকস্থলী b) ফুসফুস c) হৃদপিণ্ড d) অন্ত্র।

25. প্রোটিন জাতীয় খাবার বেশি পাওয়া যায়

a) ভাতে b) শাকে c) ফলে d) মাছে।

26. গাজর ও শাকসবজি যে অঙ্গকে সুস্থ রাখতে পারে তা হল

a) দাঁত b) কান c) চোখ d) মুখ।

27. নীচের যেটি দাঁতের কাজ নয় তা হল

a) কাটা b) হজম করা c) ছেঁড়া d) ভাঙা।

28. মরু অঞ্চলে যে প্রাণীটি বেশী দেখা যায় তা হল

a) ঘোড়া b) ভেড়া c) উট d) ছাগল।

29. যে উদ্ভিদের পাতার রস খেলে কাশি কমে যায় তা হল

a) বাসক b) জবা c) আনারস d) কলা।

30. একটি সমুদ্রে বাস করা স্তন্যপায়ী জীব হল

a) ইলিশ b) তিমি c) চিংড়ি d) প্রবাল।

31. মানের ঊর্ধ্বক্রমে সাজানো সংখ্যাগুলি হল

a) ৯০১, ৮৯৯, ৯৯৯, ৯৭৯ b) ৯৯৯, ৯৭৯, ৯০৯, ৮৯৯

c) ৮৯৯, ৯০৯, ৯৭৯, ৯৯৯ d) ৯৭৯, ৯৯৯, ৮৯৯, ৯০৯।

32. একটি বই, একটি টুপি এবং একটি পেনসিলের মূল্য যথাক্রমে ২০ টাকা, ৩৫ টাকা এবং ৩ টাকা। তুমি ১০টি বই, ২টি টুপি এবং ১২টি পেন্সিল কিনেছ। তুমি খরচ করেছ

a) ৩০০ টাকা b) ৩০৬ টাকা c) ২৯৬ টাকা d) ৩১০ টাকা।

33. একটি ভাগ অঙ্কে ভাগফল ভাগশেষের তিনগুণ এবং ভাজক ভাগফলের দ্বিগুণ। যদি ভাগশেষ ৫ হয় তবে ভাজ্য হবে

a) ৪৬০ b) ৪৪৫ c) ৪৫০ d) ৪৫৫।



IV- 2014

Scanned with CamScanner

**All India Science Teachers' Association, West Bengal**

**SCIENCE APTITUDE AND TALENT SEARCH TEST-2014**

Time – 1hr 45min | Full marks – 60

## শ্রেণী - চতুর্থ

**নির্দেশাবলী :** 1) উত্তরপত্রের বাম ও ডান উভয় দিকেই তোমার নাম, বিদ্যালয়ের নাম ও ক্রমিক নম্বর লিখতে হবে। 2) প্রশ্নপত্রে প্রত্যেক প্রশ্নের চারটি করে সম্ভাব্য উত্তর a), b), c), d) তে দেওয়া আছে। প্রথমে সঠিক বা সর্বোত্তম উত্তর কোনটি তা স্থির করবে। উত্তরপত্রে প্রশ্নের নম্বর ও তার পাশে চারটি বৃত্ত আছে, বৃত্তের ওপরে a), b), c), d) লেখা আছে। সঠিক উত্তরটি নির্বাচন করে সেই অক্ষরের নিচে যে বৃত্তটি আছে সেটিতে পরিষ্কারভাবে ডটপেন দিয়ে × চিহ্ন দাও, যেমন ○○⊗○, এখানে c) সঠিক উত্তর। 3) প্রতি ঠিক উত্তরের জন্য ১ নম্বর পাবে। ৩টি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে। 4) প্রশ্নপত্রে কিছু লিখবে না। প্রশ্নপত্রে উত্তরে দাগ দেবে না। পরীক্ষার পর কেবল উত্তরপত্রটি জমা দেবে। 5) প্রয়োজনবোধে রাফ্ কাজ অতিরিক্ত সাদা কাগজে করতে পারো। 6) কোন প্রশ্ন কঠিন মনে করলে তার জন্য অযথা সময় নষ্ট না করে পরবর্তী প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা কর। প্রথম উত্তর ভুল মনে হলে তা ● কালো কর এবং সঠিক উত্তরে ⊗ চিহ্ন দাও।

১নং প্রশ্ন থেকে ৫নং প্রশ্ন পর্যন্ত নীচের যেটি অন্যদের থেকে পৃথক তাকে চিহ্নিত কর :

1. a) ইট b) বালি c) কাঠ d) শিয়াল

2. a) ব্যাং b) আমরুল c) পেয়ারা d) সজনে

3. a) নিম b) পাইন c) বকুল d) কাঁঠাল

4. a) বাঘ b) সিংহ c) সজারু d) ভালুক

5. a) মাছ b) মানুষ c) কেন্নো d) টিকটিকি

6. উঁচু গাছের পাতা খেতে পারে

   a) গোরু b) ছাগল c) জিরাফ d) হরিণ।

7. সব রকমের খাবার খায় এমন জীব হল

   a) শকুন b) মানুষ c) বাঘ d) ভালুক।

8. মরু অঞ্চলে জন্মায় এমন উদ্ভিদ হোল

   a) পদ্ম b) ফনী মনসা c) গাঁদা d) শিউলি।

9. জলে ও ডাঙায় এই দুই জায়গায় থাকে

   a) ব্যাঙ b) কই c) রুই d) কেঁচো।

Scanned with CamScanner